৫৭

দৈনিক বাংলা

তারিখ 15 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

# একটি দল শিক্ষকদের রাজনীতির হাতিয়ার বানিয়েছে ঃ পূর্তমন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ বিএনপি স্থায়ী কমিটির সদস্য পূর্তমন্ত্রী ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়া বলেছেন, একটি রাজনৈতিক দল শিক্ষকদের উস্কানি দিয়ে রাস্তায় নামিয়েছে। আদর্শ শিক্ষকরা যাতে রাজনীতির খপ্পরে না পড়েন সে ব্যাপারে সতর্ক থাকার জন্য তিনি তাদের প্রতি আহবান জানান।

ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়া মঙ্গলবার সূত্রাপুর থানা বিএনপি আয়োজিত কাপ্তান বাজারে এক জনসভায় প্রধান অতিথির বক্তৃতা দেন।

বিএনপি নেতা কাজী আবুল বাশারের সভাপতিত্বে এই জনসভায় খাদ্যমন্ত্রী মীর শওকত আলী ও স্থানীয় বিএনপি নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

জনসভায় ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়া বলেন, গণতন্ত্রের মূল ভিত্তি হচ্ছে সংসদ। যারা সংসদে যান না তারা গণতন্ত্রের শত্রু।

তত্ত্বাবধায়ক সরকার প্রসঙ্গে তিনি বলেন, নির্বাচিত সরকার যেখানে রয়েছে সেখানে মনোনীত সরকারের প্রশ্নই ওঠে না। মনোনীত সরকার সংবিধানসম্মত নয়। গণতন্ত্রে তত্ত্বাবধায়ক সরকারের কোন অস্তিত্ব নেই।

তিনি বলেন, স্বৈরাচারী এরশাদ নির্বাচিত ছিলেন না। কাজেই তার বিরুদ্ধে তত্ত্বাবধায়ক সরকার গঠন ছিল যুক্তিসংগত।

তিনি প্রয়োজনে নির্বাচন কমিশনকে আগে শক্তিশালী করা ও নির্বাচন সংক্রান্ত আইন পরিবর্তন করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বিএনপিও সুষ্ঠু নির্বাচন চায়। তিনি এই বিষয়গুলো

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **পূর্তমন্ত্রী**

সংসদে বসে মীমাংসা করার জন্য বিরোধী দলগুলোর প্রতি আহবান জানান।

**মীর শওকত**

মীর শওকত আলী বলেন, একটি রাজনৈতিক দল বিএনপি'র উন্নয়ন কর্মকাণ্ড বাধাগ্রস্ত করার জন্য সারাদেশে বিশৃংখলার সৃষ্টি করছে। তিনি বলেন, এই দলটি কখনো মুক্তিযোদ্ধাদের, কখনো শ্রমিক কর্মচারীদের এবং কখনো শিক্ষকদের তাদের রাজনীতির হাতিয়ার হিসাবে ব্যবহার করছে। এই দলটি বারবার হরতাল ধর্মঘট ডেকে জাতির অর্থনৈতিক মেরুদণ্ডকে ভেঙে দেয়ার অপচেষ্টায় লিপ্ত।